



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/২০১২(০১)/

তারিখ:

প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

বিষয় : ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ হতে পৌরনীতি ও সুশাসন বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) অধ্যক্ষ মহোদয়ের ২১-১০-১৪ তারিখের আবেদন।  
খ) NCTB কর্তৃক প্রণীত সংশোধিত বিষয় কাঠামো সম্পর্কিত নির্দেশাবলি।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার কলেজে নিম্ন বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ০১(এক) বছরের জন্য ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ হতে পৌরনীতি ও সুশাসন বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান করা হল।

শর্তাদি:

- ১। শিক্ষা মন্ত্রণালয়ের পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত স্ব-অর্থায়নে শিক্ষক নিয়োগ করতে হবে।
- ২। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে পাঠদানের জন্য মার্কেটিং অথবা ইন্টারন্যাশনাল বিজনেস অথবা ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ৩। NTRCA সনদধারী শিক্ষক ও মহিলা কোটা পূরণ করতে হবে।
- ৪। কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৫। পরীক্ষার পূর্বেই পরীক্ষার বিশেষ অনুমতি ফি ১০০০/- টাকা জমা করে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে।
- ৬। গ্রহাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সহ কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে।
- ৭। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

প্রাপক : অধ্যক্ষ  
বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান কলেজ  
ডাক : নহাটা, মহম্মদপুর, মাগুরা।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।  
ফোন নং-০৪২১-৬৮৬৩৮।

স্মারক নং-ক/অ/২০১২(০১)/ ১৭৭৩

তারিখ: ২৭/১০/১৪

সদয় অনুমোদন ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর(ওয়েবসাইটে প্রচারের জন্য)
- ৫। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। অফিস কপি।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।